95

দৈনিক ইত্তেফাক

তারিখ MAY 7 1999
পৃষ্ঠা 12 কলাম 4

# নিরক্ষরতা দূরীকরণে শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ আরো বৃদ্ধির দাবী

চট্টগ্রাম অফিস। 'নিরক্ষরতা জাতীয় উন্নতির অন্তরায়' শীর্ষক এক সেমিনারে জাতীয় অধ্যাপক ডাঃ নুরুল ইসলাম বলেন, জাতিকে নিরক্ষরতার অভিশাপ হইতে মুক্ত করিতে হইলে সরকার ও শিক্ষিত লোকদের সমন্বিত প্রয়াসের প্রয়োজন। এ ব্যাপারে তিনি শিক্ষিত যুব সমাজকে আগাইয়া আসার এবং দেশের সকল মসজিদ-মন্দির ও অন্যান্য উপাসনালয়কে কাজে লাগানোর তাগিদ দেন। বেসরকারী সেবা সংস্থা বাংলাদেশ স্কলারশিপ কাউন্সিল (বিএসসি)-এর উদ্যোগে গত শনিবার চট্টগ্রাম জেলা পরিষদ মিলনায়তনে এ সেমিনারের আয়োজন করা হয়। সেমিনারের উদ্বোধন করেন জাতীয় অধ্যাপক ডাঃ নুরুল ইসলাম। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ প্রফেসর মঞ্জুর মোর্শেদ মাহমুদ। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক রণজিৎ কুমার দে। প্রবীণ সাংবাদিক বিমলেন্দু বড়ুয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে অন্যান্যের মধ্যে আলোচনায় অংশগ্রহণ করেন সংগঠনের সভাপতি অজিত কুমার বড়ুয়া, সহ-সভাপতি সলিল বিহারী, প্রফেসর ডঃ বিকিরণ প্রসাদ বড়ুয়া প্রমুখ। সেমিনারে নিরক্ষতা দূরীকরণের লক্ষ্যে জাতীয় বাজেটে শিক্ষাখাতে ব্যয়বরাদ্দ আরো বৃদ্ধির দাবী জানানো হয়।